

# ২৩ দিনের ছুটিতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়

জবি প্রতিনিধি

২১ মে, ২০২৫ ১৪:৪৩

শেয়ার

অ +

অ -



ঈদুল আজহা উপলক্ষে টানা ২৩ দিনের ছুটিতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। আগামী ২৩ মে থেকে ১৪ জুন পর্যন্ত ছুটিতে থাকবে বিশ্ববিদ্যালয়টি।

বুধবার (২১ মে) বিশ্ববিদ্যালয়ের (ভারপ্রাপ্ত) রেজিস্ট্রার অধ্যাপক ড. শেখ গিয়াসউদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

## আরো পড়ুন



নতুন কর্মসূচির হুঁশিয়ারি ইশরাক সমর্থকদের

এতে বলা হয়, পবিত্র ঈদুল আজহা উপলক্ষে আগামী ২৫ মে থেকে ১২ জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস এবং ৪ জুন থেকে ১২ জুন পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল ইনস্টিটিউট, বিভাগ ও দপ্তর বন্ধ থাকবে।

তবে এ সময়ে বিশ্ববিদ্যালয়ের জরুরি পরিষেবা—বিদ্যুৎ, পানি, গ্যাস, টেলিফোন, ইন্টারনেট, নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম চালু থাকবে।

এদিকে ছুটি শুরুর এবং শেষের দু-দিন শুক্রবার এবং শনিবার সাপ্তাহিক ছুটি থাকায় অতিরিক্ত চারদিন বেশি ছুটি পাচ্ছেন শিক্ষার্থীরা। এ হিসাবে মোট ২৩ দিনের ছুটিতে যাচ্ছে বিশ্ববিদ্যালয়টি।